মেট্রো স্টেশনের নিচে লাভলী পরিবহনের বাসে আগুন



ছবি: সংগৃহীত

রাজধানীর ফার্মগেটে মেট্রোরেল স্টেশনের নিচে দাঁড়িয়ে থাকা লাভলী পরিবহনের একটি বাসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। সোমবার (৯ নভেম্বর) সন্ধ্যা ৬টা ৪০ মিনিটের দিকে এ ঘটনা ঘটে।

বিষয়টি নিশ্চিত করে তেজগাঁও বিভাগের উপপুলিশ কমিশনার (ডিসি) ইবনে মিজান জানান, ফার্মগেট মেট্রো স্টেশনের নিচে দাঁড়িয়ে থাকা বাসটিতে আগুন দেওয়া হয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত হতাহত হওয়ার কোনো খবর পাওয়া যায়নি।

এদিকে বাসে আগুনের ধোঁয়া মেট্রো স্টেশনে ছড়িয়ে পড়লে ফায়ার অ্যালার্ম বেজে ওঠে। ধোঁয়ায় স্টেশনের ভেতরে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং যাত্রীরা ছোটাছুটি শুরু করেন।

LENS ASIA